

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮২

আগরতলা, ২৯ মে, ২০২৬

নিলিট-এ ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে বি-টেক এ দুটি নতুন কোর্স চালু হবে

কেন্দ্রীয় সরকারের ইলেকট্রনিক্স এবং ইনফরমেশন টেকনোলজি মন্ত্রকের অধিনস্ত ন্যাশন্যাল ইনস্টিটিউট অফ ইলেকট্রনিক্স এবং ইনফরমেশন টেকনোলজি (এনআইইএলআইটি) আগরতলা ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ও মেশিন লার্নিং বিষয়ে স্পেশালাইজেশন সহ কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করেছে। এই বি-টেক কোর্সে আসন রয়েছে ৬০টি। নিলিটের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

এই প্রতিষ্ঠানটি কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি এবং ইলেকট্রনিক্স এবং টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা, বিসিএ, এমটেক (ডাটা ইঞ্জিনিয়ারিং) কোর্সও চালু করেছে। নিলিটে পাঠরত এসসি/এসটি ছাত্রছাত্রীদের টিউশন ফি দিতে হবে না। বি-টেক করার জন্য ছাত্রছাত্রীদের কাউন্সেলিং জয়েন্ট সিট অ্যালোকেশন অথরিটি (জোসা)-র মাধ্যমে এবং নিলিটের নিজস্ব পরীক্ষার মাধ্যমে হবে।
